

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পাস-২ শাখা  
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নম্বর: ৪৬.০০.০০০০.০৮৫.১৪.২৩.২০১৮-৮৬৫

তারিখ: ১২ পৌষ ১৪২৯  
২৭ ডিসেম্বর ২০২২

বিষয়: জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট-কে তামাক নিয়ন্ত্রণ কার্যক্রম বাস্তবায়নের জন্য আন্তর্জাতিক সংস্থা 'দি ইউনিয়ন' এর কারিগরি ও আর্থিক সহায়তায় বাস্তবায়নীয় প্রস্তাবিত প্রকল্প বিষয়ে অবহিতকরণ এবং প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।

সূত্র: স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং স্বাপকম/স্বাসেবি/এনটিসিসি/বিবিধ/০৩/২০২০/১৬৮৩  
তারিখ: ২০ ডিসেম্বর ২০২২ খ্রি:

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০৪০ সালের মধ্যে দেশকে তামাকমুক্ত করার বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা বাস্তবায়নের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ 'স্থানীয় সরকার প্রতিষ্ঠানের তামাক নিয়ন্ত্রণ কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকা' শীর্ষক একটি গাইডলাইন প্রণয়ন করেছে। এর ধারাবাহিকতায় দ্য ইউনিয়ন স্থানীয় সরকার বিভাগের অধীন জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট-এর সাথে প্রাথমিক আলোচনাক্রমে স্থানীয় সরকার প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সম্পৃক্ততায় এ গাইডলাইন বাস্তবায়নের লক্ষ্যে স্থানীয় সরকার প্রতিষ্ঠানের প্রতিনিধিদের দক্ষতা বৃদ্ধির উদ্দেশ্যে "Institutionalizing and strengthening the implementation of Tobacco Control Guidelines Issued by the Ministry of Local Government, Rural Development & Cooperatives" শীর্ষক একটি কারিগরি সহায়তা প্রকল্প গ্রহণ করার পরিকল্পনা করেছে। আলোচ্য কারিগরি সহায়তা প্রকল্পটি সম্পাদনের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের সম্মতিসহ এর সফল বাস্তবায়নকল্পে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সহযোগিতা প্রদান ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে।

২। এমতাবস্থায়, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউটের সাথে আন্তর্জাতিক সংস্থা 'দি ইউনিয়ন' এর কারিগরি ও আর্থিক সহযোগিতায় বাস্তবায়নীয় তামাক নিয়ন্ত্রণ কর্মসূচি বিষয়ক প্রস্তাবিত প্রকল্পটি সম্পাদনের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের সম্মতি নির্দেশক্রমে অবহিত করা হলো।

মোঃ আকবর হোসেন  
উপসচিব  
ফোন- ৫৫১০০৩৭০  
lgws2@lgd.gov.bd

সচিব  
স্বাস্থ্য সেবা বিভাগ

[দৃ: আ: অতিরিক্ত সচিব ও সমন্বয়ক, জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল]

অনুলিপিঃ (সদয় অবগতি ও কার্যার্থে)

- ১। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি), আগারগাঁও, ঢাকা
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। অফিস কপি